

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.rajbari.gov.bd



তারিখ: কার্তিক ১৪২৮
নভেম্বর ২০২১

নম্বর-০৫.৩০.৮২০০.০২৪.১৮.০০৫.২১.

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলা ম্যাজিস্ট্রেসি হতে ইস্যুকৃত যে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী ব্যক্তিগণ তাদের নামীয় আগ্নেয়াস্ত্র লাইসেন্স হালনাগাদ অর্থাৎ ২০২১ সাল পর্যন্ত নবায়ন করেন নি বা অন্য কোন জেলা হতে নবায়ন করে থাকলেও এ কার্যালয়কে অবহিত করেন নি অথবা লাইসেন্স এর অনুকূলে লাইসেন্স ইস্যুর তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের মধ্যে অস্ত্র ক্রয় করেন নি অথবা লাইসেন্সের অনুকূলে আগ্নেয়াস্ত্র ক্রয় করে তা এ কার্যালয়ে প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করান নি সে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্স ১৮৭৮ সালের অস্ত্র আইনের ১৮(ক) ধারা এবং আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর নির্দেশনা অনুযায়ী বাতিলযোগ্য।

এমতাবস্থায়, যে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী তাদের নামীয় আগ্নেয়াস্ত্র লাইসেন্স হালনাগাদ অর্থাৎ ২০২১ সাল পর্যন্ত নবায়ন করেন নি বা অন্য কোন জেলা ম্যাজিস্ট্রেসি হতে নবায়ন করলেও তা অবহিত করেন নি অথবা লাইসেন্সের অনুকূলে লাইসেন্স ইস্যুর তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের মধ্যে অস্ত্র ক্রয় করেন নি বা অস্ত্র ক্রয় সংক্রান্ত কোন তথ্য এ কার্যালয়কে অবহিত করেন নি, তাদেরকে এ বিজ্ঞপ্তি প্রকাশের ০১ (এক) মাসের মধ্যে আগ্নেয়াস্ত্র লাইসেন্স হালনাগাদ নবায়ন অথবা অস্ত্র ক্রয় সংক্রান্ত তথ্য এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় তাদের নামীয় আগ্নেয়াস্ত্র লাইসেন্স পরবর্তীতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতীত বাতিল করা হবে।

দিলসাদ বেগম
জেলা ম্যাজিস্ট্রেট
রাজবাড়ী

ফোন: ০২৪৭৮৮০৭৫৩৩
ই-মেইল: dcrajibari@mopa.gov.bd

নম্বর-০৫.৩০.৮২০০.০২৪.১৮.০০৫.২১.

তারিখ: ০৮ কার্তিক ১৪২৮
০৮ নভেম্বর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ৪। জেলা ম্যাজিস্ট্রেট (সকল)
- ৫। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, রাজবাড়ী
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, (সকল), রাজবাড়ী
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), রাজবাড়ী। বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী। বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯। অফিসার ইনচার্জ, (সকল) থানা, রাজবাড়ী
- ১০। জেলা তথ্য অফিসার, রাজবাড়ী। বিজ্ঞপ্তিটি জেলা সদরসহ সকল উপজেলায় মাইকযোগে ব্যাপক প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। প্রকাশক/সম্পাদক, দৈনিক পত্রিকা, রাজবাড়ী। বিজ্ঞপ্তিটি জনস্বার্থে তাঁর পত্রিকায় সৌজন্যমূলক সংবাদ হিসেবে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১২। জনাব রাজবাড়ী



জেলা ম্যাজিস্ট্রেট
রাজবাড়ী